

ন্যাশনাল ইউনিভার্সিটিতে এ বছর থেকে গ্রেডিং সিস্টেমে পরীক্ষা

যাযাদি রিপোর্ট

ন্যাশনাল ইউনিভার্সিটিতে চলতি শিক্ষাবর্ষ থেকে গ্রেডিং সিস্টেমে পরীক্ষা নেয়া হবে। গতকাল প্রেসু ক্লাবে এক মতবিনিময় সভায় ন্যাশনাল ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত ভিসি প্রফেসর সৈয়দ রাশিদুল হাসান সাংবাদিকদের এ কথা জানান।

তিনি বলেন, বিশ্বের বিভিন্ন দেশের শিক্ষার্থীদের সঙ্গে এ দেশের শিক্ষার্থীরা যাতে কম্পিটিশন করতে পারে সে জন্য এ শিক্ষাবর্ষ থেকেই গ্রেডিং সিস্টেমে পরীক্ষা নেয়া হবে।

তিনি আরো বলেন, ন্যাশনাল ইউনিভার্সিটির প্রথম ফাস একটি রেকর্ডার বিষয়ে পরিণত হয়েছিল। এটা বছর মডারেশন শাখাকে  ডেলে সামান্য হয়েছে।

ন্যাশনাল ইউনিভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

বিগত সময়ে প্রথম ফাসের সঙ্গে জড়িতদের দুঃস্বপ্নমূলক শক্তি দেয়া হবে বলে জানান তিনি। তিনি বলেন, বর্তমানে ট্র্যাডিশনাল পদ্ধতিতে ন্যাশনাল ইউনিভার্সিটির পরীক্ষা হচ্ছে। এ কারণে বিভিন্ন শিক্ষকের দেয়া সাজেশনের সঙ্গে পরীক্ষার প্রশ্নের মিল পাওয়া যায়।

ন্যাশনাল ইউনিভার্সিটির অধিভুক্ত কলেজ সম্পর্কে রাশিদুল হাসান বলেন, কলেজ হচ্ছে ন্যাশনাল ইউনিভার্সিটির প্রাণ। কিন্তু শিক্ষক হস্ততা ও গভর্নিং বডির সঙ্গে অভ্যন্তরীণ ঘর্ষের কারণে কলেজগুলো দুর্বল হয়ে পড়ছে। এসব সমস্যা সমাধানে কার্যকর পদক্ষেপ নেয়া হবে বলেও জানান তিনি।